# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 13 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) গাজায় চলমান ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে প্রতিবাদী কবিতা পাঠের আয়োজন করা হয়েছে।রোববার (১৩ এপ্রিল) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে সাহিত্যভিত্তিক সংগঠন 'শব্দকলা'র ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

সমাবেশে শব্দকলার সম্পাদক ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মাহফুজুর রহমান আকন্দ বলেন, “শব্দকলা সবসময় মানবতার পক্ষে কাজ করে এসেছে।বাংলা ভাষা, সাহিত্য ও মানবতার কল্যাণে আমরা আমাদের কাজ করে যাচ্ছি।গাজা ও রাফা শহর যেভাবে ভিডিও গেমসের মতো ধ্বংস করা হচ্ছে, সেই নির্মমতার প্রতিবাদে আজকের এই কবিতা পাঠের আয়োজন।”

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোহাম্মদ মাঈন উদ্দিন বলেন, “কিছুদিন আগে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে গাজার মজলুম মানুষের প্রতি সংহতি জানিয়ে সমাবেশ করেছিলাম।আজকের এই কবিতা পাঠ কর্মসূচিও তারই ধারাবাহিকতা।কবি কাজী নজরুল ইসলাম বৃটিশ শাসকদের বিরুদ্ধে কবিতার মাধ্যমে যে সংগ্রাম চালিয়েছেন, আজ তার সেই ঐতিহ্য আমরা বহন করছি।আমার বিশ্বাস, কবিতার শক্তি ইসরায়েলি দখলদারদের গদিও নাড়িয়ে দেবে।”

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সালেহ হাসান নকীব বলেন, “কবিতা যেমন কোমলতার কথা বলে, তেমনি দ্রোহ ও প্রতিবাদের ভাষাও হয়ে উঠতে পারে। গাজায় যে যুদ্ধ চলছে, তা অবিচারের বিরুদ্ধে সুবিচারের, অধিকার হরণের বিরুদ্ধে মানুষের ন্যায্য অধিকারের যুদ্ধ।এই যুদ্ধ শুধু মাঠে হয় না, জ্ঞানের রাজ্যে হয়, সাংস্কৃতিক অঙ্গনেও হয়।”

তিনি আরও বলেন, “সাংস্কৃতিক আন্দোলন আমাদের উজ্জীবিত করে, প্রতিবাদী হতে শেখায়।আমি আশা করি, এই ধরনের সাংস্কৃতিক কর্মসূচি দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়েও ছড়িয়ে পড়বে।”

প্রতিবাদী এই কবিতা পাঠ কর্মসূচিতে শিক্ষক, শিক্ষার্থীসহ শতাধিক মানুষ উপস্থিত ছিলেন।

রাবি রাজশাহী বিশ্ববিদ্যালয় গাজা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:47

URL: https://www.timestodaybd.com/public/campus/360928718